

## আল-মুলক | Al-Mulk | الْمُلْكُ

আয়াতঃ ৬৭ : ২০

আরবি মূল আয়াত:

أَمَّنْ هَذَا الَّذِي هُوَ جُنْدٌ لَّكُمْ يَنْصُرُكُمْ مِّنْ دُونِ الرَّحْمَنِ ؟ [۱] إِنَّ الْكَافِرُونَ  
إِلَّا فِي غُرُورٍ ﴿٢٠﴾

অনুবাদসমূহ:

পরম করুণাময় ছাড়া তোমাদের কি আর কোন সৈন্য আছে, যারা তোমাদেরকে সাহায্য করবে ? কাফিররা শুধু তো ধোঁকায় নিপতিত। — আল-বায়ান

দয়াময় ছাড়া কে তোমাদেরকে সাহায্য করবে তোমাদের সেনাবাহিনী হয়ে? কাফিররা তো কেবল ধোঁকার মধ্যে পড়ে আছে। — তাইসিরুল

দয়াময় আল্লাহ ব্যতীত তোমাদের এমন কোন সৈন্যবাহিনী আছে কি যারা তোমাদের সাহায্য করবে? কাফিরেরা তো বিভ্রান্তিতে রয়েছে। — মুজিবুর রহমান

Or who is it that could be an army for you to aid you other than the Most Merciful? The disbelievers are not but in delusion. — Sahih International

২০. দয়াময় আল্লাহ ছাড়া তোমাদের এমন কোন সৈন্যবাহিনী আছে কি, যারা তোমাদেরকে সাহায্য করবে? কাফিররা তো রয়েছে প্রবঞ্চনার মধ্যে।

-

তাফসীরে জাকারিয়া

(২০) পরম দয়াময় আল্লাহ ব্যতীত তোমাদের এমন কোন সৈন্যবাহিনী আছে কি, যারা তোমাদের সাহায্য করবে?[1] অবিশ্বাসীরা তো ধোঁকায় রয়েছে। [2]

[1] প্রশ্নবাচক এই উক্তি এখানে ধমকের জন্য এসেছে। جُنْدُ এর অর্থ হল সৈন্যদল, গোষ্ঠী। অর্থাৎ, কোন সৈন্যদল বা গোষ্ঠী এমন নেই, যে তোমাদেরকে আল্লাহর আযাব থেকে রক্ষা করতে পারবে।

[2] যে ধোঁকায় শয়তান তাদেরকে ফেলে রেখেছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5261>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন